

■■ চার ইমামের আকীদাহ (আবূ হানীফা, মালেক, শাফে'ঈ ও আহমাদ ইবন হাম্বল)

বিভাগ/অধ্যায়ঃ প্রশ্ন ও উত্তর রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

প্রশ্ন: যখন তোমাকে জিজ্ঞেস করা হয়, মানুষ কি সম্পূর্ণরূপে আল্লাহর ইচ্ছায় চালিত না ইচ্ছাধীন?

উত্তর: বল, মানুষ কি সম্পূর্ণরূপে আল্লাহর ইচ্ছায় চালিত না কি সম্পূর্ণরূপে নিজের ইচ্ছাধীন, -এক বাক্যে কোন কথাই প্রযোজ্য হবে না। তাই উভয় কথাই ভুল। কিতাব ও সুন্নাত প্রমাণ করে যে, মানুষের ইচ্ছা ও চাওয়া উভয়িট রয়েছে। প্রকৃতপক্ষে সে কর্ম সম্পাদনকারী। তবে কোনোটিই আল্লাহর ইলম, ইচ্ছা ও চাওয়ার বাইরে নয়। এটি স্পষ্ট করছে আল্লাহ তা'আলার বাণী:

﴿لِمَن شَاءَ مِنكُمِ ۚ أَن يَساآتَقِيمَ ٢٨ وَمَا تَشَآءُونَ إِلَّا أَن يَشآءَ ٱللَّهُ رَبُّ ٱلاَّعْلَمِينَ ٢٩﴾ [التكوير: ٢٨، ٢٨] "তোমাদের যে কেউ সরল পথে চলতে চায়। আর তোমরা ইচ্ছা করতে পার না, যদি না সৃষ্টিকুলের রব আল্লাহ ইচ্ছা করেন"। [সূরা তাকবীর, আয়াত: ২৮-২৯] অন্যত্র বলেন,

﴿ وَمَا يَذْ اَكُرُونَ إِلَّا أَن يَشَاءَ ٱللَّهُ اللَّهُ هُوَ أَهْ اللَّهُ التَّقَاوَىٰ وَأَهْ الْ الْاَمَعَ اَفِرَةِ ٥٦ ﴾ [المدثر: ٥٦]
"অতএব যার ইচ্ছা সে তা থেকে উপদেশ গ্রহণ করুক। আল্লাহর ইচ্ছা ছাড়া কেউ উপদেশ গ্রহণ করতে পারে
না। তিনিই ভয়ের যোগ্য এবং ক্ষমার অধিকারী"। [আল-মুদ্দাসসির, আয়াত: ৫৫-৫৬]

Source — https://www.hadithbd.com/books/link/?id=9942

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন